দৈনিক ইত্তেফাক

61

তারিখ 05 JUL 1997
পৃষ্ঠা ১২ কলাম ৮

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ছুটি শেষে যোগদান না করায় ২৮ জন শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের উদ্যোগ

**আনোয়ার আলদীন** ॥ নির্ধারিত ছুটির মেয়াদ শেষ হওয়ার পরও বিশ্ববিদ্যালয়ে যোগদান না করায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৮ জন শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। কর্তৃপক্ষ ইহাদের বিশ্ববিদ্যালয়ের চাকুরী হইতে বরখাস্ত করিবেন। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ১২৮ জন শিক্ষক ছুটি নিয়া বিদেশে অবস্থান করিতেছেন। এই শিক্ষকদের অনেকের ছুটির মেয়াদ ১ হইতে দেড় বছর পূর্বে শেষ হইয়া গিয়াছে। মেয়াদ শেষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চাকুরীতে যোগদানের নির্দেশ দিয়া তাহাদের নামে নোটিস প্রেরণ করে। কেহ কেহ চাকুরীতে যোগ দিলেও অনেক শিক্ষক নোটিসের পর যোগাযোগ পর্যন্ত করেন নাই। এই প্রেক্ষিতে কর্তৃপক্ষ তাহাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতেছেন। উল্লেখ্য, ইতিপূর্বে গত কয়েক বছরে একই কারণে প্রায় অর্ধশত শিক্ষকের চাকুরী গিয়াছে।

জানা যায়, একজন শিক্ষককে উচ্চ ডিগ্রী অর্জন বা অন্য কোন বিশেষ কারণে বিশ্ববিদ্যালয় হইতে সর্বোচ্চ ৪ বছরের ছুটি দেওয়া হইয়া থাকে। উচ্চ শিক্ষার জন্য বিদেশে গেলে অনেক সময় বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষকদের বিশেষ মঞ্জুরী এবং শিক্ষা ঋণ দেওয়া হয়। ভিসি প্রফেসর এ,কে, আজাদ চৌধুরী জানান, এ বছর উচ্চ শিক্ষার্থে ১২ জন শিক্ষককে শিক্ষা মঞ্জুরী দেওয়া হইয়াছে ৫ লক্ষ ৫ হাজার টাকা এবং শিক্ষা ঋণ দেওয়া হইয়াছে ১ লক্ষ ৬০ হাজার টাকা।

খোঁজ নিয়া জানা গিয়াছে, শিক্ষকরা কেবল উচ্চ শিক্ষার জন্যই নয়—চাকুরী, ব্যবসা-বাণিজ্য, বিভিন্ন সার্ভিস অথবা বিদেশী বিশ্ববিদ্যালয়ের ভিজিটর শিক্ষক হিসাবে বিদেশে যান। বিদেশে গিয়া অনেক সময় অধিক অর্থ উপার্জনের জন্য কেহ কেহ ছুটির মেয়াদ শেষ হইলেও সেখানেই থাকিয়া যান। কোন কোন শিক্ষক ছুটি নিয়া দেশের মধ্যে এনজিও বা বিদেশী সংস্থায় চাকুরী করেন বলিয়া জানা গিয়াছে।